www.xtrapapers.com
www.PapaCambridge.com

O

UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2008**

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

*5837672606*

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, candidate number and name on all the work you hand in.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.

At the end of the examination, fasten all your work securely together.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **8** printed pages and **4** blank pages.


© UCLES 2008

UNIVERSITY of CAMBRIDGE International Examinations

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section A
## বিভাগ ক

### A1 Separation/Combination of Words [1

সন্ধি বিচ্ছেদ/সন্ধি

*নিচে দেওয়া শব্দগুলোর সন্ধি কর।*
*তোমার উত্তর প্রদত্ত উত্তরপত্রে লেখ।*

1 শীত + উষ্ণ
2 ইতি + আদি
3 প্রতি + এক
4 ইতঃ + তত
5 তৃষ্ণা + আর্ত

### A2 Idioms, Proverbs and Words in Pairs [10]

বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

*নিচের বাক্যগুলোতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলো পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা/প্রবচন/জোড়াশব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

6 পাড়ায় কোনো সমস্যা হলে সবাই জলিল সাহেবের কাছে যান, উনি হলেন ____________ ।
7 পরীক্ষার পর থেকে তোমার দেখাই পাওয়া যায় না, একেবারে ____________ হয়ে গেলে নাকি?
8 সামান্য কাজের চাপেই দিশেহারা হয়ে যাও, তুমি দেখছি একটা ____________ ।
9 এই লোকটার __________ ঠিক নেই, মুখে যা আসে তাই বলে।
10 বড়লোকের প্রেম যেন ____________ , ভাঙ্গতে একটুও সময় লাগে না।

| | | | |
|---|---|---|---|
| (1) | বালির বাঁধ | (6) | জলে কুমির, ডাঙ্গায় বাঘ |
| (2) | ননীর পুতুল | (7) | উত্তর-দক্ষিণ |
| (3) | চোখে সরষে ফুল দেখা | (8) | পোয়াবারো |
| (4) | অমাবস্যার চাঁদ | (9) | বরের ঘরের পিসী, কনের ঘরের মাসী |
| (5) | ছাই ফেলতে ভাঙ্গা কুলো | (10) | বিনা মেঘে বজ্রপাত |

www.xtrapapers.com



www.PapaCambridge.com

## A3 Sentence Transformation 0]

বাক্য রূপান্তর

*নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে পূরণ করে তোমার উত্তরপত্রে এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।*

11 মেয়েদের শিক্ষিত করে তুললে সমাজের উন্নতি হবে।
সমাজের উন্নতি ______________________________।

12 পুষ্টিকর খাবার না খেলে বাচ্চাদের স্বাস্থ্য ভালো থাকে না।
স্বাস্থ্য ভালো রাখার জন্য বাচ্চাদের ____________________।

13 ফারুকের আয় যতই বাড়ছে ততই তার চালচলন বদলাচ্ছে।
______________________ চালচলনও বদলাচ্ছে।

14 ছুটি না পাওয়াতে সমীর নীলার বিয়েতে আসতে পারেনি।
সমীর নীলার বিয়েতে আসতে পারেনি কারণ ____________________।

15 শিক্ষক বললেন, "মনোযোগ দিয়ে লেখাপড়া কর, তাহলে পরীক্ষায় ভাল ফল পাবে"।
শিক্ষক বললেন, পরীক্ষায় ভাল ফল পাবার জন্য ___________________ ।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## A4 Cloze Passage

[10]

**ক্লোজ পরিচ্ছেদ**

*এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলো পূরণের জন্য কতগুলি শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য এর মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

পৃথিবীর বুকে জনগনের ভার বেড়েই চলছে। তবে এই ভার __________ (16) নয়, ওজনে। শুনতে কিছুটা অন্য রকম লাগলেও সম্প্রতি __________ (17) বিভিন্ন লেখা থেকে জানা যায় মানুষের গড় __________ (18) বেড়ে যাচ্ছে বিপজ্জনক হারে। কিছুদিন আগ পর্যন্ত যেসব দেশের __________ (19) হাল্কা পাতলা মনে করা হতো তারাও দিন দিন মোটা হয়ে যাচ্ছে। চীনের কথাই ধরা যাক। কিছুদিন আগের এক __________ (20) থেকে জানা যায় সেখানে লক্ষ লক্ষ লোক স্থূল এবং তাদের অধিকাংশই বাড়তি ওজনের কারণে বিভিন্ন __________ (21) ভুগছে। অন্য একটি জরীপ থেকে জানা যায় যে পৃথিবীর শতকরা ৬০ ভাগ পরিবারে __________ (22) একজন মানুষ রয়েছে যাকে স্থূল বলা যায়। শিশুদের মধ্যে স্থূলতাজনিত সমস্যা মারাত্মকভাবে __________ (23) যাচ্ছে। আজকালকার শিশুরা ফল, সব্জী, মাছ এসব খাওয়া ছেড়ে দিয়েছে , বাইরে __________ (24) না করে ঘরে টেলিভিশনের সামনে বসে থাকে। এর ফলে মোটা হবার __________ (25) ভীষণ বেড়ে গেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্থূলতাকে মহামারী হিসেবে চিহ্নিত করেছে এবং সারা দুনিয়া জুড়ে স্থূলতাজনিত সমস্যার সমাধানের চেষ্টায় এখন হিমসিম খাচ্ছে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (1) | খেলাধূলা | (6) | রোগী | (11) | অন্ততঃ |
| (2) | অসুখে | (7) | জরীপ | (12) | অসম্ভব |
| (3) | গভীর | (8) | খাবার | (13) | বেড়ে |
| (4) | ওজন | (9) | সংখ্যায় | (14) | প্রবণতা |
| (5) | প্রকাশিত | (10) | দারুনভাবে | (15) | মানুষের |

www.xtrapapers.com

www.PapaCambridge.com

TURN OVER FOR SECTION B

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section B

## বিভাগ খ

*অনুচ্ছেদটি ভাল করে পড়ে নিচে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দাও।*

আমরা কয়েক বন্ধু মিলে গাড়ীতে বান্দরবনে ভ্রমণে যাবার সিদ্ধান্ত নিলাম। আমাদের আরো দুজন বন্ধু সঙ্গে যেতে চেয়েছিল। কিন্তু গাড়ীতে পাঁচজনের বেশী জায়গা হয় না। ওরা গেলে ড্রাইভারসহ আমরা সাতজন হয়ে যাই , তাই ওদেরকে নিতে পারিনি। জানুয়ারী মাসের একটি সুন্দর ঝলমলে দিনে আমরা চার বন্ধু বান্দরবনের পথে রওনা হলাম। চট্টগ্রাম থেকে ৮০ কিলোমিটার দক্ষিণ-পূর্ব দিকে বান্দরবন এবং সেখান থেকে ৬০ কিলোমিটার দক্ষিণে গেলেই কক্সবাজার। চট্টগ্রাম শহর থেকে কক্সবাজারের রাস্তা ধরে আমাদের গাড়ী দক্ষিণ দিকে চলতে শুরু করল। কিছুক্ষণের মধ্যে একটা পুরোনো লোহার সেতু দিয়ে আমরা কর্ণফুলী নদী পার হলাম। নদীর ওপারে সুন্দর গ্রাম। গ্রামগুলোর মাঝ দিয়ে কিছুদূর যাওয়ার পর আমরা আরো একটা সেতু পার হলাম। এই সেতুটি কর্ণফুলীরই একটা শাখা চানখালী নদীর উপরে। তবে এটা খুব আধুনিক এবং কংক্রিটের তৈরী।

চানখালী নদী পার হয়ে কিছুদূর আসার পর আমরা আরাকান রোডে পড়লাম। এই রাস্তার সঙ্গে প্রায় সমান্তরালভাবে চলে গেছে চট্টগ্রাম-দোহাজারী রেল লাইন। দোহাজারীর পরেই শঙ্খ নদী। এই দীর্ঘ নদীটির আর এক নাম সাঙ্গু। শঙ্খ বাংলাদেশের একমাত্র প্রধান নদী যার উৎপত্তি বাংলাদেশের ভিতরে। কর্ণফুলির মত শঙ্খ নদীও বঙ্গোপসাগরে মিলেছে।

প্রায় দুঘন্টা পর আমরা বান্দরবনের কাছাকাছি এসে পৌঁছালাম। সবুজ ঘন গাছগাছালিতে ঢাকা পাহাড়ের ধার ঘেঁষে আমাদের গাড়ী চলছে। গাছের ডালে অনেকগুলো বানর লাফালাফি করছে। রাস্তার পাশে একটা অদ্ভুত সুন্দর লেক। কিন্তু বাংলাদেশের অন্যান্য এলাকার মত এখানে রাস্তার পাশে লোকজন বড় দেখা যায় না।

বান্দরবন পৌঁছানোর পর আমাদের বন্ধু শাকিল বলল, "এখানে নয়, একটু সামনে একটা সুন্দর গেস্ট হাউস আছে, চল ওখানে যাই।" ওর কথায় সায় দিয়ে আমরা গেস্ট হাউসের দিকে চললাম। পাহাড়ের গা ঘেঁষে আমাদের গাড়ী উপরের দিকে উঠছে। উঠতে গাড়ীর রীতিমত বেগ পেতে হচ্ছিল। ড্রাইভার বলছিল, এতগুলো লোক নিয়ে গাড়ী উপরে উঠতে পারে কিনা সন্দেহ। একটু ভুল হলে একেবারে নিচে পাহাড়ের ঢাল বেয়ে গর্তে পড়ে যাবে।

বান্দরবন থেকে গেস্টহাউসে যাওয়ার সময় দূর থেকে চিম্বুক পাহাড় দেখা যাচ্ছিল। প্রায় পাঁচ কিলোমিটার চলার পর আমরা গেস্টহাউসে পৌ ছলাম। এটি চিম্বুকে যাবার রাস্তার একেবারে পাশে। চিম্বুক এখান থেকে আরো আট কিলোমিটার দূরে। অন্যান্য গেস্টহাউস যেমন ইট-সিমেন্টের পাকা দালান এটা সেরকম নয়, এটা বাঁশ ও কাঠ দিয়ে তৈরী। আমরা সবাই খুব ক্লান্ত ছিলাম। তাই বারান্দায় গিয়ে বসলাম। সামনে ছিল দুটো কনকচাঁপার গাছ। দূরে শঙ্খ নদী দেখা যাচ্ছিলো। অদ্ভূত সুন্দর জায়গা।

**B5 MCQ Comprehension** [14]

এখন নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

26 ওরা কয়জন বন্ধু মিলে বান্দরবন গিয়েছিল?

(1) দুই
(2) চার
(3) পাঁচ
(4) সাত

www.xtrapapers.com
www.PapaCambridge.com



27 বান্দরবনের অবস্থান

(1) কক্সবাজারের দক্ষিণে
(2) চানখালী নদীর তীরে
(3) চট্টগ্রামের দক্ষিণ-পূর্ব দিকে
(4) কর্ণফুলি নদীর তীরে

28 কক্সবাজার রোড ধরে কিছুদূর যাবার পর

(1) আমরা প্রথমে সুন্দর একটা গ্রামে ঢুকলাম
(2) কর্ণফুলি নদীর উপর একটা লোহার সেতু পার হলাম
(3) চানখালী উপর একটা লোহার সেতু পার হলাম
(4) কর্ণফুলির উপর একটা আধুনিক কংক্রিটের সেতু পার হলাম

29 শঙ্খ নদীর বিশেষত্ব কি?

(1) এটা প্রায় সমান্তরালভাবে চলে গেছে চট্টগ্রাম-দোহাজারী রেল লাইনের সাথে
(2) এটা বাংলাদেশের দীর্ঘতম নদী
(3) এটা বাংলাদেশের একমাত্র নদী যার দুটো নাম
(4) বাংলাদেশের বাইরে এই নদীটি প্রবাহিত হয়নি

30 বাংলাদেশের অন্যান্য রাস্তা থেকে বান্দরবনের পাহাড়ী রাস্তা ভিন্ন কেন?

(1) রাস্তার পাশে লোকজনের ভীড় নেই
(2) সবুজ ঘন গাছের সারি
(3) রাস্তার পাশে সুন্দর লেক
(4) আশে পাশে অনেক বানর

31 বান্দরবন গেস্ট হাউসে যাবার সময় গাড়ীর কি সমস্যা হচ্ছিল?

(1) গাড়ী পাহাড়ের ঢাল বেয়ে নিচে নামছিল
(2) গাড়ী পাহাড়ের ঢাল বেয়ে গর্তে পড়ে গিয়েছিল
(3) অনেক লোক নিয়ে ড্রাইভার গাড়ী চালাতে চায়নি
(4) এত লোক নিয়ে গাড়ীর উপরে উঠতে কষ্ট হচ্ছিল

32 গেস্ট হাউসটি

(1) চিম্বুক পাহাড়ে
(2) বান্দরবন থেকে পাঁচ কিলোমিটার দূরে
(3) ইট-সিমেন্ট দিয়ে তৈরী

www.xtrapapers.com

www.PapaCambridge.com



## Section C

## বিভাগ গ

### ক্রিকেটার মুরালীধরন

কিছুদিন আগ পর্যন্ত ৫১৯ টেস্ট উইকেট নেওয়ার রেকর্ডধারী ওয়েস্ট ইন্ডিজ বোলার কুর্টনী ওয়ালসকে ছাড়িয়ে মুটিয়া মুরালীধরন এখন বিশ্বের সেরা উইকেট গ্রহণকারী হয়েছে। তার এই সাফল্য শ্রীলঙ্কাকে বিশ্বের অন্যতম ক্রিকেট টীম হিসেবে প্রতিষ্ঠিত করতে মুরালীধরনের ভূমিকার সাক্ষ্য বহন করে। মুরালী নামে অধিক পরিচিত মুরালীধরন যখন তার এই বিশ্ব রেকর্ড স্থাপনের সাফল্যের বর্ণনা দিতে যায় তখন স্বাভাবিক দেশপ্রেমের প্রতিফলন ঘটে। সে বলছিল, "অস্ট্রেলিয়া বা ভারতের মত আমাদের দেশ অত বড় নয়, আমার ভূমিকা বিশ্বের কাছে আমার দেশের একটা সুন্দর চিত্র তুলে ধরা। এটা যে শুধু ক্রিকেটের ক্ষেত্রে শ্রীলঙ্কার অবস্থানকে অনেক উপরে তুলবে তা নয়, তরুনদেরকেও এই খেলায় অংশগ্রহণ এবং উঁচুমানের খেলতে উৎসাহিত করবে। একদিন তারাও তাদের দেশের জন্য বিশ্বজয়ী হতে চাইবে।''

মুরালী এখনও ১৯৯৬ সালে শ্রীলঙ্কার বিশ্বকাপ বিজয়কে তার জীবনের সবচেয়ে স্মরণীয় সাফল্য বলে মনে করে। তার অনেক সাফল্য সত্ত্বেও বোলার হিসাবে মুরালীর ভূমিকা বিতর্কিত বিষয়। তার নিজস্ব বোলিংএর ভঙ্গী যেটাকে খেলার জগতে অনেকে বল ছুঁড়ে মারা বলে সমালোচনা করে থাকেন সেটা তাদের মতে এই কাজ ক্রিকেটের নিয়ম বহির্ভূত। এর ফলে মুরালীকে যেমন আন্তর্জাতিক ক্রিকেট কমিশনের প্রশ্নের সম্মুখীন হতে হয়েছে তেমনি বোলিংএর নিয়ম ভঙ্গ করে কিনা সেটা নির্ধারনের জন্যও বহুবার ক্রীড়া-বিজ্ঞানীদের পরীক্ষার সম্মুখীন হতে হয়েছে। পুরা তদন্তের সময় মুরালী নিশ্চিত ছিল যে তার বিরুদ্ধে অখেলোয়াড়মূলক আচরনের যে অভিযোগ আনা হয়েছে সেটা থেকে সে মুক্তি পাবে। তাকে তার দলের খেলোয়াড়েরা এবং অধিনায়ক ছাড়াও দেশে বিদেশে অগণিত ভক্তরা সমর্থন দিয়েছে। ২০০৪ সালের নভেম্বরে কমিশনের তদন্তের ফলাফল ঘোষণার পর প্রমাণিত হল যে সে কোনো ভুল করে নি। কমিশনের বক্তব্য হল, যদিও মুরালীর বোলিং স্বতন্ত্র ধরণের কিন্তু সেটা ক্রিকেটের নিয়মের সীমার ভিতরেই আছে।

সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকারের সময় মুরালী সব সময় অত্যন্ত লাজুক এবং কিছুটা নার্ভাস থাকে। কিন্তু তার দলের সঙ্গীরা বলে সে অত্যন্ত প্রাণবন্ত, নিবেদিত প্রাণ এবং অনুপ্রেরণাশীল ব্যক্তিত্ব এবং সে তার দলের খেলার মান সম্বন্ধে যা ভাবে সেটা বলতে দ্বিধা করে না। ক্রিকেটের প্রতি তার নিষ্ঠা এবং উৎসাহ এবং স্থানীয় ও জাতীয় দলে তার খেলার মান কোনো দিন তাকে বিফল মনোরথ করেনি। এখনো বোলিং অনুশীলনে সে যত সময় ব্যয় করে এবং খেলার প্রতিটি দিক যেভাবে উপভোগ করে সে সম্পর্কে দর্শকেরা মন্তব্য করেছে।

মুটিয়া মুরালীধরন বলেছে যদিও ভবিষ্যৎ নিয়ে তার কোন সুনির্দিষ্ট পরিকল্পনা নেই কিন্ত খেলা ছেড়ে দিলে অন্য কোনোভাবে এই খেলার সঙ্গে সে জড়িত হবে না। মুরালীধরন বলল, "আমি ছয়-সাত বছর বয়স থেকে ক্রিকেট খেলে আসছি। আমি যখন অবসর নেব তখন পুরোপুরিভাবে নেব। ক্রিকেট ছাড়াও জীবনে করার অনেক কিছু রয়েছে। আমার কাছে সব যদি একঘেয়ে লাগা শুরু করে তাহলে খেলার সঙ্গে যোগাযোগ রাখার জন্য ছুটির দিনে বন্ধুবান্ধবের সঙ্গে খেলে আনন্দ করব।"

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**C6 OE Comprehension** [6]

বোধজ্ঞানের খোলা প্রশ্ন

এখন **বাংলায়** যথাসম্ভব তোমার নিজের ভাষায় নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

33 সম্প্রতি মুরালী কিসের বিশ্ব রেকর্ড ভঙ্গ করেছে এবং মুরালী কেন সে মনে করে যে এটা শুধু তার একার সাফল্য নয়।

34 কি কারণে মুরালীকে সমালোচনার সম্মুখীন হতে হল এবং কেন ক্রীড়া বিজ্ঞানীদেরকে এ ব্যাপারে চুড়ান্ত সিদ্ধান্ত দিতে বলা হল সেটা তোমার নিজের ভাষায় লেখ।

35 এই মতবিরোধের সময় মুরালীকে কারা সমর্থন করেছে এবং তদন্তের ফলাফল কি হল?

36 এই অনুচ্ছেদ অনুযায়ী মুরালীর ব্যক্তিত্ব সম্বন্ধে আমরা কি জানতে পারলাম?

37 তুমি কি মনে কর মুরালী শ্রীলঙ্কা দলের ভাল অধিনায়ক হতে পারবে? তোমার মতামতের সমর্থনে এই *অনুচ্ছেদে* দেওয়া কারণগুলি উল্লেখ কর। তোমাকে অবশ্যই এই লেখা থেকে উদ্ধৃতি দিতে হবে।

38 শেষ পংক্তিতে দেওয়া তথ্যের উপর ভিত্তি করে খেলা থেকে অবসর গ্রহণ করার পর মুরালীর ভবিষ্যৎ পরিকল্পনা তোমার নিজের ভাষায় লেখ এবং খেলার সাথে তার কি ধরণের যোগসূত্র থাকবে সে বিষয়ে কিছু লেখ।

**C7 Vocabulary** [10]

**শব্দার্থ**

*উপরের অনুচ্ছেদ থেকে নেওয়া নিচের শব্দগুলির অর্থ লেখ:*

39 সাফল্য

40 উৎসাহিত

41 স্মরণীয়

42 নির্ধারন

43 অনুপ্রেরণাশীল

www.xtrapapers.com
www.PapaCambridge.com


BLANK PAGE

www.xtrapapers.com



www.PapaCambridge.com

BLANK PAGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of University of